সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার
সঃমেঃই-১/সঃমেঃই-২
নথি
ডাইরি নং
তারিখঃ 10/03/2020
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৮.১৯-২১১

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬ / ০৯ মার্চ ২০২০

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থবছরের জানুয়ারি ২০২০ পর্যন্ত এডিপিভুক্ত জিওবি অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০৩/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৯/০৩/২০২০

(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)**
৭-১২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
১১। চেয়ারম্যান, বিআরটিএ, তেজগাঁও, ঢাকা
১২। চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
১৩। মনিটরিং টীম প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

**অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৪। যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

## ২০১৯-২০২০ অর্থবছরের জানুয়ারি ২০২০ মাসের জিওবি অর্থায়নে বাস্তবায়িত এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১:০১ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

### ১. উপস্থাপনা :

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরে এ বিভাগের আওতায় ১৭৭টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে, এর মধ্যে ১৫০টি জিওবি অর্থায়নে, ১৮টি প্রকল্প সাহায্য এবং ৯টি কারিগরী সহায়তা প্রকল্প। এ প্রকল্পগুলোর অনুকূলে ২৪৯১৯.২৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১৫৫৬৩.৬২ কোটি টাকা। অদ্যকার সভায় সংস্থা প্রধানগণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অর্থ ব্যয় পরিস্থিতি, বাস্তবায়ন সমস্যা এবং এর সমাধানের উপায় নিয়ে পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

### ২. আলোচনা ও সিদ্ধান্ত :

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>২.১ এডিপি বাস্তবায়ন</td>
<td>সভায় অবহিত করা হয় যে, এ বিভাগের চলতি অর্থবছরের এডিপি বরাদ্দের মধ্যে জানুয়ারি ২০১৯ পর্যন্ত জিওবি অর্থের ৩৯.৭০% ব্যয় হয়েছে। সওজ অধিদপ্তরের জোনভিত্তিক এডিপি বাস্তবায়ন নিম্নরূপঃ
<table>
<tr><td colspan="7">কোটি টাকায়</td></tr>
<tr><th>ক্রম</th><th>জোনের নাম</th><th>প্রকল্প সংখ্যা</th><th>বরাদ্দ</th><th>ছাড়</th><th>ব্যয়</th><th>অগ্রগতি (%)</th></tr>
<tr><td>১</td><td>ঢাকা</td><td>২১টি</td><td>১০৭৪.৮৪</td><td>৭৩৯.৩১</td><td>৫১০.৬৮</td><td>৪৭.৫১</td></tr>
<tr><td>২</td><td>ময়মনসিংহ</td><td>২১টি</td><td>১৪৬৩.৬৭</td><td>১০৯৭.৭৫</td><td>৯৩৩.৬১</td><td>৬৩.৭৯</td></tr>
<tr><td>৩</td><td>চট্টগ্রাম</td><td>১৮টি</td><td>৭৪৬.৮৮</td><td>৩৭৮.৪৪</td><td>১৮৭.২৭</td><td>২৫.০৭</td></tr>
<tr><td>৪</td><td>সিলেট</td><td>১২টি</td><td>১১২৫.০০</td><td>৬৩৩.৭৫</td><td>২৯৭.৬০</td><td>২৬.৪৫</td></tr>
<tr><td>৫</td><td>খুলনা</td><td>১২টি</td><td>৮৭১.৫৫</td><td>৬০০.০১</td><td>৪২৯.৫১</td><td>৪৯.২৮</td></tr>
<tr><td>৬</td><td>কুমিল্লা</td><td>২১টি</td><td>১১৬২.১৩</td><td>৭৬৪.৮৫</td><td>৫৪৭.৮৮</td><td>৪৭.১৪</td></tr>
<tr><td>৭</td><td>গোপালগঞ্জ</td><td>৬টি</td><td>৫১৮.১৪</td><td>৩৫৭.১৩</td><td>২০১.৬৮</td><td>৩৮.৯২</td></tr>
<tr><td>৮</td><td>বরিশাল</td><td>১০টি</td><td>১০৬০.৪৬</td><td>৬০২.৫০</td><td>২৪৩.২৫</td><td>২২.৯৪</td></tr>
<tr><td>৯</td><td>রাজশাহী</td><td>৭টি</td><td>৫৭০.০০</td><td>৪২৫.০০</td><td>৩১৮.৪৫</td><td>৫৫.৮৭</td></tr>
<tr><td>১০</td><td>রংপুর</td><td>১৮টি</td><td>১১৮৫.২৭</td><td>৮৮৮.৯৫</td><td>৫৬৪.৬০</td><td>৪৭.৬৩</td></tr>
<tr><td>১১</td><td>স্বতন্ত্র প্রকল্পসমূহ</td><td>২১টি</td><td>৬১৪৯.৫২</td><td>৩৫৭১.৭৫</td><td>১৮২২.২৮</td><td>২৯.৬৩</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>১৬৬টি</td><td>১৭৩৪৩.১১</td><td>১০০৫৯.৪৩</td><td>৬৫৮১.৮৫</td><td>৩৭.৯৫</td></tr>
</table>
সভায় জানানো হয় যে, জানুয়ারি ২০২০ পর্যন্ত এডিপি বাস্তবায়ন হার ৩৩.২৮%। যা জাতীয় গড় ৩২.০৭% এর তুলনায় সামান্য বেশী। যে সকল জোনের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড়ের তুলনায় কম সে সকল জোনের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>ক) যে সকল জোনের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড়ের তুলনায় কম সে সকল জোনের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>খ) ঠিকাদারের গাফিলতির কারণে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ব্যহত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।<br>গ) এ বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং টীম নিয়মিতভাবে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন কার্যক্রম ও এডিপি শাখায় প্রেরণ নিশ্চিত করবে।</td>
<td>অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, প্রকল্প পরিচালকগন ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন</td>
</tr>
</table>

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ সংশোধিত অননুমোদিত, মেয়াদ উত্তীর্ণ ও সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প | সভাকে অবহিত করা হয় যে, ২০১৯-২০ অর্থবছরের সমাপ্য প্রকল্পের তালিকা অনুসারে মোট ৪১টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। এর মধ্যে সওজ অধিদপ্তরের ৩৭টি, ডিটিসিএ'র ০৩টি ও বিআরটিসি'র ০১টি প্রকল্প রয়েছে। তবে সামাপ্তির জন্য নির্ধারিত ৩৭টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্প সমাপ্ত করা সম্ভব হবে না মর্মে সওজ অধিদপ্তর কর্তৃক সভাকে অবহিত করা হয়। | সওজ অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে চূড়ান্তকৃত ৩৭টি প্রকল্পের মধ্যে কেন ২টি প্রকল্প জুন ২০২০ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে না তার যৌক্তিক কারণ ব্যাখাসহ প্রকল্প পরিচালকগণ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরের মাধ্যমে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। | প্রধান প্রকৌশলী, সওজ ও প্রকল্প পরিচালকগণ |
| ২.৩ ঢাকা সড়ক জোন | সভায় জানানো হয় যে, ঢাকা সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ২১টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৭৩৯.৩১ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ৫১০.৬৮ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ৪৭.৫১%। সভায় আরও জানানো হয় যে, "নরসিংদী জেলার মহোহরদী উপজেলার হেতেমদী থেকে সাগরদী বাজার পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্পে নিয়োজিত ঠিকাদারের কার্যক্রম সন্তোষজনক নয়। ফলে প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি ব্যহত হচ্ছে। এছাড়া, "আরিচা (বরঙ্গাইল)-ঘিওর-দৌলতপুর-টাঙ্গাইল সড়কের ৬ষ্ঠ কিলোমিটারে ১০৩.৪৩ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ" শীর্ষক প্রকল্পের আর্থিক অগ্রগতি অত্যন্ত কম থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | ক) "নরসিংদী জেলার মহোহরদী উপজেলার হেতেমদী থেকে সাগরদী বাজার পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্পে নিয়োজিত ঠিকাদারের কার্যক্রম পর্যালোচনাপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) "আরিচা (বরঙ্গাইল)-ঘিওর-দৌলতপুর-টাঙ্গাইল সড়কের ৬ষ্ঠ কিলোমিটারে ১০৩.৪৩ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ" শীর্ষক প্রকল্পের আর্থিক অগ্রগতি কাঙ্খিত মাত্রায় অর্জন নিশ্চিত করার জন্য প্রকল্প পরিচালক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রনয়ণ করে এ বিভাগকে অবহিত করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| ২.৪ ময়মনসিংহ সড়ক জোন | সভায় অবহিত করা হয় যে, ময়মনসিংহ সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ২১টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ১০৯৭.৭৫ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ৯৩৩.৬১ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ৬৩.৭৯%। ময়মনসিংহ জোনের আর্থিক অগ্রগতি কাঙ্খিত লক্ষ্যমাত্রায় অর্জন করায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ সড়ক জোন-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ময়মনসিংহ সড়ক জোনের আওতাধীন বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে "জামালপুর শহরের গেইটপাড় এলাকায় রেলওয়ে ওভারপাস নির্মাণ" এবং "নকলা বাইপাস জেলা মহাসড়কে যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের আর্থিক অগ্রগতি যথাক্রমে ১০% ও ০.৫৯%। এ প্রকল্প ২টির বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | "জামালপুর শহরের গেইটপাড় এলাকায় রেলওয়ে ওভারপাস নির্মাণ" এবং "নকলা বাইপাস জেলা মহাসড়কে যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রনয়ণ করে নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| ২.৫ চট্টগ্রাম সড়ক জোন | সভায় উল্লেখ করা হয় যে, চট্টগ্রাম সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ১৮টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৩৭৮.৪৪ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ১৮৭.২৭ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ২৫.০৭%। চট্টগ্রাম জোনের আর্থিক অগ্রগতি জাতীয় গড় অপেক্ষা কম থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। "খাগড়াছড়ি জেলার বিভিন্ন সড়কে পিসি গার্ডার সেতু, আরসিসি সেতু এবং আরসিসি বক্স কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকালের দীর্ঘসূত্রিতার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ প্রকল্পে নিয়োজিত ঠিকাদার সম্পাদিত | ক) চট্টগ্রাম জোনের আর্থিক অগ্রগতি কাঙ্খিত লক্ষ্যমাত্রায় অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্মপরিকল্পনা চূড়ান্তকরতঃ কার্যকরী উদ্যোগ গ্রহণ করবেন।<br>খ) "খাগড়াছড়ি জেলার বিভিন্ন সড়কে পিসি গার্ডার সেতু, আরসিসি সেতু এবং আরসিসি বক্স কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রমে নিয়োজিত ঠিকাদার সম্পাদিত চুক্তির | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম জোন, উপপ্রধান (সওজ জিওবি) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | চুক্তির মেয়াদকালে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে না পারলে চুক্তি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, এ বিভাগের উপপ্রধান (সওজ জিওবি) ও সংশ্লিষ্ট জেলার মনিটরিং কর্মকর্তা দ্রুত প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন প্রনয়ণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়াদকালে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে না পারলে চুক্তি অনুযায়ী তার বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) এ বিভাগের উপপ্রধান (সওজ জিওবি) ও সংশ্লিষ্ট জেলার মনিটরিং কর্মকর্তা দ্রুত প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন প্রনয়ণ করবেন। | |
| **২.৬ সিলেট সড়ক জোন** | সভাকে অবহিত করা হয় যে, সিলেট সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ১২টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৬৩৩.৭৫ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ২৯৭.৬০ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ২৬.৪৫%। সিলেট জোনের আর্থিক অগ্রগতি জাতীয় গড় অপেক্ষা কম থাকায় ভবিষ্যতে সঠিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে পরামর্শ প্রদান করা হয়। যৌক্তিক কারণ ব্যতিরেকে কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধি না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ক) সঠিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে নির্ধারিত বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>খ) যৌক্তিক কারণ ব্যতিরেকে কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাবে না। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট জোন<br>ও<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| **২.৭ খুলনা সড়ক জোন** | সভায় জানানো হয় যে, খুলনা সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ১২টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৬০০.০১ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ৪২৯.৫১ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ৪৯.২৮%। "বাগেরহাট-চিতলমারী-পাটগাতী মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | "বাগেরহাট-চিতলমারী-পাটগাতী মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কম থাকার বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা জোন, সরেজমিনে পরিদর্শন করে এ সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে দাখিল করবেন। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা জোন<br>ও<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| **২.৮ কুমিল্লা সড়ক জোন** | সভায় উল্লেখ করা হয় যে, কুমিল্লা সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ২১টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৭৬৪.৮৫ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ৫৪৭.৮৮ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ৪৭.১৪%। কুমিল্লা সড়ক জোনের আওতায় চলমান ২১টি প্রকল্পের মধ্যে এ অর্থবছরে ১০টি প্রকল্প সমাপ্ত হবে সভাকে অবহিত করা হয়। "নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়ক নির্মাণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আর্থিক অগ্রগতি মাত্র ৮.৭৫% থাকার কারণ অনুসন্ধানের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ জুন ২০২০ এর মধ্যে সমাপ্ত করতে হবে।<br>খ) "নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়ক নির্মাণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আর্থিক অগ্রগতি কম থাকার কারণ অনুসন্ধানপূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কুমিল্লা জোন, কর্তৃক এ বিভাগকে অবহিত করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কুমিল্লা জোন<br>ও<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| **২.৯ গোপালগঞ্জ সড়ক জোন** | সভায় জানানো হয় যে, গোপালগঞ্জ সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ৬টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৩৫৭.১৩ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ২০১.৬৮ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ৩৮.৯২%। "শরীয়তপুর (মনোহর বাজার)-ইব্রাহিমপুর ফেরীঘাট পর্যন্ত সড়ক (আর-৮৬০) উন্নয়ন" শীর্ষক প্রকল্পে এ অর্থবছরে এডিপি'তে ১০.০০ কোটি টাকা বরাদ্দ থাকলেও এখন পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি মর্মে সভায় অবহিত করা হয়। পরবর্তী সভায় এ প্রকল্পের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সমস্যা অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | "শরীয়তপুর (মনোহর বাজার)-ইব্রাহিমপুর ফেরীঘাট পর্যন্ত সড়ক (আর-৮৬০) উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সমস্যা পরবর্তী সভায় অবহিত করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গোপালগঞ্জ জোন |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১০ বরিশাল সড়ক জোন | সভাকে অবহিত করা হয় যে, ২০১৯-২০২০ অর্থবছরে বরিশাল সড়ক জোনের আওতাধীন ১০টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৬০২.৫০ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে মাত্র ২৪৩.২৫ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ২২.৯৪% যা জাতীয় গড়ের তুলনায় অনেক কম। বরিশাল জোনের আর্থিক অগ্রগতি জাতীয় গড় অপেক্ষা কম থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, বরিশাল সড়ক জোনের আওতায় বাস্তবায়নাধীন ১০টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি ০%। যে ৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য রয়েছে সে সকল প্রকল্পের নির্ধারিত কর্মপরিকল্পনা পর্যালোচনাপূর্বক এ সংক্রান্ত পর্যালোচনা প্রতিবেদন দ্রুত এ বিভাগকে অবহিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ নিয়মিত প্রকল্প এলাকা মনিটরিং করবেন।<br>খ) যে সকল প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য রয়েছে সে সকল প্রকল্পের নির্ধারিত কর্মপরিকল্পনা পর্যালোচনাপূর্বক এ সংক্রান্ত পর্যালোচনা প্রতিবেদন দ্রুত এ বিভাগে দাখিল করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, বরিশাল জোন |
| ২.১১ রাজশাহী সড়ক জোন | সভায় উল্লেখ করা হয় যে, রাজশাহী সড়ক জোনের আওতাধীন ২০১৯-২০২০ অর্থবছরে ৭টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৪২৫.০০ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ৩১৮.৪৫ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ৫৫.৮৭%। "হরিশপুর বাইপাস মোড় হতে বনবেলঘরিয়া বাইপাস মোড় পর্যন্ত নাটোর শহরের প্রধান সড়কের মিডিয়াসহ পেভমেন্ট প্রশস্তকরণ" শীর্ষক প্রকল্পের এ অর্থবছরে আর্থিক অগ্রগতি ০% থাকার বিষয়ে পর্যালোচনা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | "হরিশপুর বাইপাস মোড় হতে বনবেলঘরিয়া বাইপাস মোড় পর্যন্ত নাটোর শহরের প্রধান সড়কের মিডিয়াসহ পেভমেন্ট প্রশস্তকরণ" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কম থাকার বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে কর্মপরিকল্পনা চূড়ান্ত করবেন। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী জোন |
| ২.১২ রংপুর সড়ক জোন | সভায় জানানো হয় যে, ২০১৯-২০২০ অর্থবছরে রংপুর জোনের আওতাধীন ১৮টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৮৮৮.৯৫ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে, যার বিপরীতে ব্যয় হয়েছে ৫৬৪.৬০ কোটি টাকা। আর্থিক অগ্রগতি ৪৭.৬৩%। ঠিকাদারের কারণে কোন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম বিঘ্নিত হলে ঐ ঠিকাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক চুক্তি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | যে সকল প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ঠিকাদারের গাফিলতির কারণে বিঘ্নিত হচ্ছে, সে সকল ঠিকাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক চুক্তি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন |
| ২.১৩ বিবিধ | ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক যানবাহন চলাচলের উপযোগী রাখার জন্য গৃহীত "৪-লেনে উন্নীত ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক (এন-১) (দাউদকান্দি-চট্টগ্রাম অংশ)-এর ৪ (চার) বছরের জন্য পারফরম্যান্স বেইজড অপারেশন ও দৃঢ়করণ" শীর্ষক প্রকল্পটির মাঠ পর্যায়ে বাস্তবায়ন কার্যক্রম শুরু হওয়ার পূর্ব পর্যন্ত পিএমপির (মাইনর) আওতায় সড়কের রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br><br>২০১৯-২০২০ অর্থবছরের সমাপ্তকৃত ২৭ টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্পের পিসিআর এখনো এ বিভাগে প্রেরণ করা হয়নি। আইএমইডি এ বিষয়ে তাগিদপত্র প্রেরণ করছে। অবশিষ্ট ২টি প্রকল্পের পিসিআর আগামী ৭ কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | ক) ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক যানবাহন চলাচলের উপযোগী রাখার জন্য গৃহীত "৪-লেনে উন্নীত ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক (এন-১) (দাউদকান্দি-চট্টগ্রাম অংশ)-এর ৪ (চার) বছরের জন্য পারফরম্যান্স বেইজড অপারেশন ও দৃঢ়করণ" শীর্ষক প্রকল্পটির মাঠ পর্যায়ে বাস্তবায়ন কার্যক্রম শুরু হওয়ার পূর্ব পর্যন্ত পিএমপির (মাইনর) আওতায় সড়কের রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।<br>খ) ২০১৯-২০২০ অর্থবছরের সমাপ্তকৃত ২৭ টি প্রকল্পের মধ্যে অবশিষ্ট ২টি প্রকল্পের পিসিআর আগামী ৭ কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল সংস্থা প্রধান |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | এডিপি রিভিউ সভার বিবিধ অংশে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ক্রমানুসারে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। | গ) এডিপি রিভিউ সভার বিবিধ অংশে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ক্রমানুসারে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| | যে সকল প্রকল্পে নতুনভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে সে সকল প্রকল্প পরিচালকগণকে এ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ঘ) যে সকল প্রকল্পে নতুনভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে সে সকল প্রকল্প পরিচালকগণকে এ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | APA'র সাথে সংশ্লিষ্ট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় আলোচনার জন্য পরামর্শ দেয়া হয়। | ঙ) APA'র সাথে সংশ্লিষ্ট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় আলোচনার জন্য উপস্থাপন করতে হবে। | |

৩. আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব